

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
গণগ্রন্থাগার অধিদপ্তর
জেলা সরকারি গণগ্রন্থাগার
জামালপুর
publiclibrary.jamalpur.gov.bd

অর্জন সমূহ

জ্ঞানমনস্ক আলোকিত সমাজ বিনির্মাণের লক্ষ্যে জামালপুর জেলার সর্বস্বরের জনগোষ্ঠিন নিবিড় প্রত্যাশাপূরণ তথা বইপাঠে সর্ব সাধারণকে উৎসাহিত ও সময়-সাশ্রয়ী কার্যকর তথ্যসেবা প্রদান করা জেলা সরকারি গণগ্রন্থাগার জামালপুর এর প্রধান উদ্দেশ্য। আলোকিত সমাজ গঠনের জন্য বই পাঠে সর্বধারণকে উদ্বুদ্ধ করা এবং বিজ্ঞানভিত্তিক আধুনিক তথ্য-প্রযুক্তি সম্বরিত সুবিধাদির দ্বারা সময় সাশ্রয়ী ও কার্যকর তথ্যসেবা প্রদান করা এ প্রয়াসের অন্তর্ভুক্ত। উদ্দিষ্ট লক্ষ্য অর্জনের অত্র গণগ্রন্থাগার সাম্প্রতিক বছরগুলোতে (বিগত তিন বছরে) পাঠকদের জন্য গণগ্রন্থাগার অধিদপ্তর , প্রকল্প এবং স্থানীয়ভাবে ৪২৯৪ খানা পুস্তক সংগ্রহ করে পাঠকদের ব্যবহারের জন্য পাঠকক্ষে যুক্ত করা হয়েছে। বিভিন্ন জাতীয় বিসভিত্তিক রচনা, বইপাঠ, সুন্দর হাতের লেখা, চিত্রাংকন, গল্পবলা ও আবৃত্তি প্রতিযোগিতাসহ ৪০টি ইভেন্টে প্রতিযোগিতা আয়োজন করা হয়েছে। এ সময়ে প্রায় ১,১০,৯৫৬ জন পাঠককে পাঠকসেবা এবং তথ্য ও রেফারেন্স সেবা প্রদান করা হয়েছে। এ সময়ে জেলা প্রশাসন, জামালপুর আয়োজিত বইমেলা সহ বিভিন্ন অনুষ্ঠানে সক্রিয় অংশগ্রহণ করা হয়েছে। সরকার কর্তৃক ০৫ ফেব্রুয়ারিকে জাতীয় গ্রন্থাগার দিবস ঘোষণা করায় দিনটি যথাযথ মর্যাদায় পালন করা হয়েছে। দপ্তরের ওয়েবপোর্টাল জাতীয় তথ্য বাতায়নের সাথে যুক্ত করা হয়েছে এবং নিয়মিত হালনাগাদ করা হচ্ছে যা কিনা জামালপুর জেলার সকল সরকারি প্রতিষ্ঠানের মধ্য ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ (সচেতন নাগরিক কমিটি) পর্যবেক্ষণে যে তিনটি প্রতিষ্ঠান পূর্ণ নাস্তার পেয়েছে তার মধ্য জেলা সরকারি গণগ্রন্থাগার একটি। তাছাড়াও জেলা সরকারি গণগ্রন্থাগার জামালপুর এর ওয়েব পোর্টাল নিয়মিত ভাবে হালনাগাদ করা হয়। বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অনুযায়ী গণগ্রন্থাগার অধিদপ্তরে ৭৩ টি গ্রন্থাগারের মধ্য উক্ত প্রতিষ্ঠান যৌথভাবে ০৫ নাস্তার স্থান অর্জন করেছে। তাছাড়াও উক্ত প্রতিষ্ঠানের প্রায় প্রতিটি চিঠি দ্রুততার সহিত ই-নথিতে ৯৮% চিঠি নিষ্পন্ন করা হয়। তাছাড়াও জেলা সরকারি গণগ্রন্থাগারের সকল নোটিশ ও বিশেষ কার্যক্রম সমূহ ফেইসবুকের মাধ্যমে প্রচার করা হয়ে থাকে।